**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ দিলকুশা বা/এ**
**ঢাকা-১০০০।**

এস, আর, ও নং --------/২০২১।_ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩০, ধারা ১১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

**১। শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ) প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থ বুঝাইবে।

**৩। পরামর্শক বা উপদেষ্টার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা।**— কর্তৃপক্ষের পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগ লাভের জন্য নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে:-

(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদী স্নাতক ও এক বৎসর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রী বা চার বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রীর অধিকারী;

(খ) ইতোপূর্বে কোন বীমা কোম্পানিতে মূখ্য নির্বাহী কর্মকর্তা বা পরামর্শক বা উপদেষ্টা হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসর কর্ম অভিজ্ঞতাসহ যে কোন শ্রেণীর বীমা ব্যবসায় অন্যূন ১৫ (পনের) বৎসরের কাজের অভিজ্ঞতা;

(গ) পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত স্বীকৃত পেশাগত ডিগ্রী বা পদধারীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে, যথা:-

(১) Institute and Faculty of Actuaries, UK বা Society of Actuaries, USA এর Fellow বা Associate;

(২) International Actuarial Association (IAA) এর সদস্যভূক্ত Actuarial Professional Body হইতে প্রাপ্ত Fellowship বা Associateship;

(৩) Chartered Insurance Institute of UK এর Fellow বা Associate;

(৪) Chartered Life Underwriter (CLU);

(৫) Life Management Institute (Life Insurance Industry Accreditation) এর Fellow বা Associate;

(৬) Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর Fellow বা Associate;

29 AUG 2021

এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(৭) Institute of Chartered Accountants of England and Wales এর Fellow বা Associate;

(৮) Association of Chartered Certified Accountants (ACCA) এর Fellow বা Associate;

(৯) Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) এর Fellow বা Associate;

(১০) Certified Financial Analyst (CFA);

(১১) Certified Public Accountants (CPA); বা

(১২) আইনজ্ঞ, জরিপকারী, মূল্যায়নকারী এবং ইসলামী শরীয়াহ বিশেষজ্ঞ।

(ঘ) পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগের ক্ষেত্রে উপরোল্লিখিত (১) ও (২) নং দফার ডিগ্রী বা পদধারীদের অভিজ্ঞতার মেয়াদ সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর এবং (৩) হতে (১১) নং দফার ডিগ্রী বা পদধারীদের অভিজ্ঞতার মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) বৎসর শিথিল করা যাইবে।

**৪। পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ ও মেয়াদ বৃদ্ধি।- (১)** কর্তৃপক্ষ প্রচলিত বিধি বিধান অনুসরণ পূর্বক এক বা একাধিক ব্যক্তিকে খন্ডকালীন বা পূর্ণকালীন চুক্তিভিত্তিক পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ করিতে পারিবে এবং তাহার পারিশ্রমিক ও অন্যান্য শর্ত কর্তৃপক্ষ কর্তৃক আর্থিক মানদন্ডে নির্ধারিত হইবে।

(২) কর্তৃপক্ষ এবং পরামর্শক বা উপদেষ্টা উভয়ে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক চুক্তির অবসান করিতে পারিবে।

(৩) কর্তৃপক্ষ পরামর্শক বা উপদেষ্টার কাজে সন্তুষ্ট হইলে প্রয়োজনে তাঁহার চুক্তির মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মেয়াদে পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ লাভ করিবেন এবং তিনি যেই দিন হইতে কর্তৃপক্ষের কার্যালয়ে যোগদান করিবেন সেইদিন হইতে তাহার মেয়াদ গণনা করা হইবে।

**৫। পরামর্শক বা উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা।-** কোন ব্যক্তি পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগের অযোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) তিনি শারীরিক বা মানসিক অসামর্থের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;

(গ) তিনি কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(ঘ) তিনি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপী হিসাবে ঘোষিত হন;

(ঙ) তিনি নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদের কারাদন্ডে দন্ডিত হন এবং উক্ত দন্ড হইতে মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিক্রান্ত না হয়;

(চ) তাহার বয়স ৪০ (চল্লিশ) বৎসর পূর্ণ না হয়;

(ছ) তিনি কোন প্রতিষ্ঠানে থাকাকালীন তাহার পদের ক্ষমতার অপব্যবহার অথবা দূর্নীতির কারণে অপসারিত হইয়া থাকিলে;

(জ) কোন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় অধিষ্ঠিত থাকাকালীন আইনের অধীনে কোন অভিযোগে দোষী সাব্যস্ত হইলে;

(ঝ) তাহার নিজের বা তাহার পরিবারের সদস্যগণের দ্বারা এমন কোন কর্মকান্ডে জড়িত হইয়াছেন যাহা কর্তৃপক্ষের স্বার্থের সহিত সাংঘর্ষিক;

(ঞ) কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত পরামর্শক বা উপদেষ্টা একইসাথে অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরি করিলে।

29 AUG 2021

ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

**৬। পরামর্শক বা উপদেষ্টার অপসারণ।**— (১) কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে নিয়োগকৃত পরামর্শক বা উপদেষ্টাকে অপসারণ করিতে পারিবে-

(ক) এই প্রবিধানমালার প্রবিধি ৫ এ উল্লিখিত কারণে; এবং

(খ) যদি তিনি এমনভাবে নিজেকে পরিচালনা করেন বা নিজের পদকে অপব্যবহার করেন যাহা আইন এবং সংশ্লিষ্ট বিধি বিধানের উদ্দেশ্যকে ব্যাহত করে;

(২) এই ধারার অধীন অপসারিত কোন পরামর্শক বা উপদেষ্টা পরবর্তীতে কোন বীমা প্রতিষ্ঠানে পরামর্শক বা উপদেষ্টা বা অন্য কোন দায়িত্বশীল পদে নিয়োগের জন্য অযোগ্য হইবেন।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

২৯/০৮/২০২৩

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ